



**বিশ্ববিদ্যালয় মণ্ডুরী কমিশন কর্তৃক শিক্ষার্থীদের Smartphone
ক্রয়ের জন্য Softloan প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি**
(একই তারিখে প্রতিষ্ঠাপিত)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীদের অনলাইনে শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করার সুবিধার্থে, Smartphone ক্রয়ের নিমিত্তে Softloan প্রদান করা হবে। বিশ্ববিদ্যালয় মণ্ডুরী কমিশন কর্তৃক প্রণীত Softloan প্রদানের নীতিমালা সকলের অবগতির জন্য নিম্নে উপস্থাপন করা হলোঃ

১। ঋণ অনুমোদন প্রক্রিয়াকরণঃ

- (ক) “শিক্ষার্থীদের Softloan অনুমোদন কমিটি” সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক কমিশনে প্রেরিত তালিকায় শিক্ষার্থীদের নাম আছে কিনা তা পুনরায় যাইছে করিয়া দেখিতে হইবে এবং কমিটির সুপারিশের আলোকে অনধিক ৮,০০০/- টাকা সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ব্যাংক হিসাবের মাধ্যমে আগামী ৩১ জানুয়ারি, ২০২১ এর মধ্যে বরাদ্দ প্রদান করিবেন।
- (খ) Smartphone ক্রয়ের ভাট্টাচারটি সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ১০ ফেব্রুয়ারি, ২০২১ এর মধ্যে Softloan অনুমোদন কমিটি’র সদস্য-সচিব এর নিকট জমা দিতে হইবে।

২। ঋণ আদায় পদ্ধতিঃ

- (ক) সুদ বিহীন এই ঋণের অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় খোলার পর কিংবা অধ্যয়নকালীন সময়ে ৪টি সমান কিস্তিতে বা এককালীন পরিশোধ করিতে হইবে।
- (খ) ঋণের সম্পূর্ণ অর্থ ফেরত না দেওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষার্থীর নামে কোন ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদ ইস্যু করা যাইবে না।

উপরোক্ত নীতিমালার আলোকে, ইতোমধ্যে আবেদনকৃত Softloan পেতে আগ্রহী শিক্ষার্থীদেরকে স্ব বিভাগের সাথে আগামী ০৭/১২/২০২০ খ্রিৎ তারিখের মধ্যে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় তথ্য প্রদানের জন্য পরামর্শ দেয়া হলোঃ।

সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে

(অধ্যাপক ড. মোহামাদ মশিউল হক)

সদস্য সচিব

Softloan অনুমোদন কমিটি এবং

পরিচালক, ছাত্রকল্যাণ অধিদপ্তর

চুয়েট।